

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ ফেব্রুয়ারী ২০২২

পাঁচ ওয়ার্ড পরিদর্শনকালে ভারপ্রাপ্ত মেয়র

সড়ক মেরামত, মশক নিধন ও পরিষ্কার পরিচ্ছন্নতা চসিকের মূল কাজ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটন বলেন, সড়ক মেরামত, মশক নিধন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সিটি কর্পোরেশনের সাংবাৎসরিক রুটিন মাসিক কর্মযোগ্য। এতে ব্যত্যয় ঘটলে নাগরিক ভোগান্তি বাড়ে। তাই সংশ্লিষ্ট বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারী এই বিষয়ে সার্বক্ষণিক সতর্ক হতে হবে। তিনি আজ শুক্রবার সকালে নগরীর সিডিএ এ্যাভিনিউস্থ সানমারের সম্মুখে পাঁচ ওয়ার্ড পরিদর্শনকালে একথা বলেন।

তিনি আরো বলেন, নগরীর বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সড়কে ধারণক্ষমতার বেশী ওজনের যানবাহন চলাচল করে। বিশেষ করে বন্দরের আমদানি-রপ্তানি মালামাল পরিবহনকারী ট্রাক, কভার্ড ভ্যান, ট্রেইলরগুলো ধারণ ক্ষমতার দ্বিগুন মালামাল বহন করার ফলে রাস্তাগুলো বেশী ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ জন্য বন্দর কর্তৃপক্ষকে সচেতন হতে হবে। সিটি কর্পোরেশনের সড়কগুলোর ধারণ ক্ষমতা বাড়াতে তাদেরও দায়দায়িত্ব রয়েছে। চসিকে তাদের তহলিত হতে এক শতাংশ প্রদানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার যে নির্দেশনা রয়েছে তা পালনে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সচেতন হলে সিটি কর্পোরেশনের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং সেবার পরিধিও বাড়বে। ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, যেসব রাস্তা খুব বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলো অধাধিকার ভিত্তিতে মেরামতের উদ্যোগ নেয়া হয়েছে এবং এই কার্যক্রম চলমান থাকবে।

এই সময় উপস্থিত ছিলেন-চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী আবু সিদ্দিক, সহকারী প্রকৌশলী তৌহিদুল ইসলামসহ সড়ক পর্যবেক্ষকগণ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩